

কর্মকর পাবলিক লিমিটেড কোম্পানী হলে।

# সংসদে প্রাথমিক শিক্ষা বিল পাস

(বিশেষ সংবাদদাতা)

বৃহস্পতি জাতীয় সংসদে ১৯৮১ সালের প্রাথমিক শিক্ষা বিল ও ১৯৮১ সালের বাংলাদেশ ভোগ্যপণ্য সরবরাহ সংস্থা (রহিতকরণ) বিল পাস হয়।

প্রাথমিক শিক্ষা বিলের আলোচনা সমাপনী ভাষণে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিযুক্ত প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান ঘোষণা করেন যে বর্তমান বছর থেকে সরকার প্রাথমিক বিদ্যালয়ের শতকরা ৫০ ভাগ ছাত্র-ছাত্রীকে বিনামূল্যে পাঠ্যবই প্রদান করবে এবং শতকরা ৩০ ভাগ ছাত্রীকে ২ সেট করে স্কুল পোষাক দেবে। তিনি আরও জানান যে আগামী চার বছরে সরকার প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীকে সার্বজনীনভাবে বিনামূল্যে বই সরবরাহ করবে।

মঙ্গলবার থেকে এই বিলের আলোচনা শুরু হয়। দুদিনে বিরোধীদের মোট ২৩ জন সদস্য এই বিলের আলোচনার অংশ নেন। তারা ভীতভাবে এই বিলের সমালোচনা করে জনমত যাচাইয়ের উদ্দেশ্যে বিলটি প্রচারের দাবী জানান।

বিরোধীদের উপনেতা জনাব মহিউদ্দিন আহমদ এই বিল প্রণয়নকে বিরোধীদের বিজয় বলে উল্লেখ করেন। তিনি সরকারের বর্তমান শিক্ষা ব্যবস্থার তীব্র সমালোচনা করেন। বিরোধীদের শ্রী সুরঞ্জিত সেন, জনাব মোহাম্মদ মোহসীন, জনাব এ এস এম সোলায়মান, জনাব গোলাম মোস্তফা, জনাব সাজাহান সিরাজ ও জনাব সতীশ চন্দ্র রায় প্রমুখ গভাকালকের আলোচনার অংশ নেন।

সংসদ নেতা এই বিলে বিরোধীদের ঢালাও সমালোচনার দৃশ্য প্রকাশ করে বলেন, তারা বিলের দুটি বা ভাল দিক সম্পর্কে কিছুই বলেননি। তিনি বলেন, বিরোধীরা বিশেষ করে আওয়ামী বাকশালীরা যেকোন অঙ্গদালনের সুযোগ গ্রহণ করেন। প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের সময় সরকারের সাথে যেন চুক্তি সই না করে তার জন্য বিরোধীদের নেতারা জনাব আবুল কালাম আজাদের বাসভবনে গমন করে তাকে বিরত রাখার চেষ্টা করেন। তারা প্রাথমিক শিক্ষকদের ভাল পথে পরিচালিত করার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন।

তিনি বলেন, এক লক্ষ ৮০ হাজার প্রাথমিক শিক্ষকের সমর্থন বর্তমান সরকারের প্রতি রয়েছে। তিনি আরও বলেন, সংসদের সংখ্যা গরিষ্ঠ সদস্যের আস্থা আছে বলেই তিনি প্রধানমন্ত্রী পদে আছেন। কারুর দরায় নয়।

তিনি ঘোষণা করেন যে এমপিরা কর্মিটিতে উপদেষ্টা হিসেবে থাকবেন এবং কর্মিটির কাজের তদারক করতে পারবেন। এই মর্মে সরকার নির্দেশ দান করবে বলে তিনি জানান। এছাড়া প্রত্যেক এমপি তার নিজ ধানা হতে একজন করে সদস্য কর্মিটিতে মনোনয়ন করতে পারবেন।

ভোগ্যপণ্য সরবরাহ সংস্থা

(রহিতকরণ) বিল

ভোগ্যপণ্য সরবরাহ সংস্থাকে একটি পাবলিক লিমিটেড কোম্পানীতে রূপান্তরিত করার উদ্দেশ্যে বর্ণনা করে বর্ণিত প্রতিক্রিয়া চৌধুরী তানভীর আহমদ সিদ্দিকী বলেছেন যে জনগণের কাছে সহজে ও সুলভে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য পৌঁছিয়ে দেয়ার জন্য এটাকে আরো দক্ষ এবং ব্যবস্থাপনা জেরদার করার মহৎ উদ্দেশ্য নিয়ে এটাকে পাবলিক লিমিটেড কোম্পানীতে রূপান্তরিত করা হয়েছে। বিলটির বিরুদ্ধে বিরোধী দলীয়দের সমালোচনা নাকচ করে দিয়ে তিনি আরো বলেন যে ভোগ্যপণ্য সরবরাহ সংস্থার সাথে উদ্দেশ্য থেকে সরকার বিচ্যুত হননি। তিনি বলেন, আগে অনিচ্ছাজ্ঞা ও দক্ষতার অভাবে কস-কর লোকসানের সম্মুখীন হয়েছে। কোটি কোটি টাকা তসরূপ হয়েছে, বর্তমান ব্যবস্থাপনায় এটা আরো গতিশীল হবে। এখন ব্যবসায়িক ভিত্তিতে এটা পরিচালিত হবে। প্রতি এককায় ধাপে ধাপে এটাকে সম্প্রসারিত করা হবে। সরকারের শতকরা ৮০ ভাগ শেয়ার থাকবে এতে।

ভোগ্যপণ্য সরবরাহ সংস্থা আইন

বিলের বিরোধীতা ও কঠোর

সমালোচনা করে বিরোধী দলীয় ১৪ জন সদস্য বক্তব্য করেন। এদের মধ্যে রয়েছেন সর্বজন্য এ বি এম তালেব আলী, সুখান্ত, শেখর হালদার, এম এ মতিউল শাহজাহান সিরাজ সুরঞ্জিত সেন গুপ্ত রশ্মদ খান মেনন প্রমুখ।

বিরোধী দলের সমালোচনা গভাকাল সকালে ভেপুটি স্পীকার সুলতান আহমদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে

(শেষ পৃষ্ঠা ৫-এর কং.ম.)

## বিল পাস

(প্রথম পৃষ্ঠা পূর্ব)

১৯৮১ সনের প্রাথমিক শিক্ষা বিলের ওপর আলোচনাকালে বিরোধী দলের নেতৃবৃন্দ বিলাট জনমত যাচাইয়ের জন্য দাবী জানান।

বিলাটর উপর বক্তব্য পেশকালে একতর পাটির শ্রী সুরঞ্জিত সেন-গুপ্ত বলেন যে প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের মধ্যে নতি স্বীকার করে সরকার বিলটি উত্থাপন করেছেন।

শ্রী সেনগুপ্ত বলেন যে গত ২৪শে ডিসেম্বর বিরোধী দলের সদস্যদের ওয়াক আউটের পর সংসদে বিলটি উত্থাপিত, স্থায়ী কর্মিটিতে প্রেরিত এবং পাস করা হয়। আবার গত ৬ই মার্চ বিলাট রহিত করা হয় অধ্যাদেশের মাধ্যমে।

তিনি বলেন যে এটা সত্য সংসদের পাস করা বিলের ওপর রাষ্ট্রপতি ভেটো দিতে পারেন না। তবে শাসনতন্ত্রের ৯৩ ধারায় ভেটো দেয়ার চেয়ে রাষ্ট্রপতির বেশি ক্ষমতা রয়েছে। রাষ্ট্রপতি বিলে সম্মতি দেয়ার পরদিনই তা রহিত করতে পারেন। সুতরাং দৈনিক ২৪ লাখ টাকা খরচ করে এ সংসদ রাখার কি দরকার ?

বর্তমান উত্থাপন প্রসঙ্গে শ্রী সেন গুপ্ত বলেন যে এ বিল এনে সরকার আবার প্রমাণ করলেন বর্তমান সংসদের কোনো ক্ষমতা নেই।

কিন্তু বর্তমান বিলেও সরকারের পূর্ববর্তী মানসিকতা রয়েছে বলে তিনি মন্তব্য করেন।